

নতুন ডিভাইস

মাইক্রোএসডি কার্ড দিয়ে ইউএসবি ড্রাইভ

মোহাম্মদ ইশতিয়াক জাহান

বর্তমানে প্রায় সব ধরনের ল্যাপটপ/নোটবুকে মাইক্রোএসডি মেমরি কার্ড রিডার যুক্ত করা হয়েছে। ফলে মোবাইল বা স্টিল ক্যামেরার ছবি, ফাইলগুলো সহজেই উক্ত ডিভাইস থেকে ল্যাপটপে স্থানান্তরিত করা যায়। অন্যদিকে কমপিউটার ব্যবহারকারীদের প্রায় সময় বিভিন্ন ধরনের ডকুমেন্ট বাইরে নিয়ে যাওয়ার প্রয়োজন হয়ে থাকে, তখন ইউএসবি ড্রাইভ বা পেনড্রাইভ ব্যবহার করার প্রয়োজন হয়। কিন্তু মোবাইলে থাকা মাইক্রোএসডি কার্ডকেও পেনড্রাইভের মতো ল্যাপটপ বা কমপিউটারে ব্যবহার করতে পারেন। মাইক্রোএসডি কার্ড রিডার ব্যবহার করে সহজেই কমপিউটার বা ল্যাপটপের সাথে যুক্ত করে ফাইল দেয়া-নেয়া করা যায়। কিন্তু আপনার যদি একাধিক মাইক্রোএসডি কার্ড থাকে তখন কী হবে? একাধিক মাইক্রোএসডি কার্ডকে ইউএসবি ড্রাইভ হিসেবে ব্যবহার করার জন্য একটি নতুন ডিভাইস ডিজাইন করা হয়েছে। এ ডিভাইস সম্পর্কেই পাঠকদের সামনে তুলে ধরা হয়েছে এবারের আলোচনায়।

যদিও প্রায় প্রতিটি ল্যাপটপ/নোটবুকে মাইক্রোএসডি মেমরি কার্ড রিডার যুক্ত করা হয়েছে, তারপরও বর্তমান ব্যবহারকারীরা ইউএসবি পোর্টের ওপর নির্ভরশীল হয়ে আছেন। কারণ ইউএসবি ডিভাইসকে দ্রুততার সাথে ল্যাপটপ বা কমপিউটারের সাথে যুক্ত করে একে ব্যবহার করা যায় এবং এর ডাটা ট্রান্সফার রেট অনেক বেশি। অন্যদিকে ইউএসবি ডিভাইসের দামও অনেক কমে যাচ্ছে। ফলে বর্তমানে প্রায় সব ইউজার ইউএসবি পোর্টের ওপর নির্ভরশীল হয়ে ইউএসবি এক্সটারনাল হাব, মাউস, প্রিন্টার, স্ক্যানার ব্যবহার করছেন।

ব্যবহারকারীদের চাহিদা পূরণের জন্য বিভিন্ন কোম্পানি বা সংস্থা প্রতিনিয়ত নতুন সব টেকনোলজির ওপর কাজ করছে। এমন একটি উদাহরণ হিসেবেই ইউএসবি ফ্ল্যাশ ড্রাইভের এক নতুন ধারণা বাজারে চলে এসেছে।

Fang-Chun Tsai নামের এক ডিজাইনার নতুন ও চমৎকার এক ডিভাইসের ডিজাইনের কথা Yanko Design-এর ওয়েবসাইটে প্রকাশ করেছেন, যা আমাদের দৈনন্দিন মেমরি স্টোরেজ ডিভাইসের চাহিদা মেটাতে (ডিভাইস সম্পর্কে আরো জানতে <http://goo.gl/9SuMT> অথবা www.serversolution4u.com ওয়েবসাইটে ভিজিট করুন)। ইউএসবি ফ্ল্যাশ ড্রাইভ কালেক্টর এমন একটি দারুণ আইডিয়া, যা ব্যবহার করে একাধিক মাইক্রোএসডি কার্ডকে একত্র করে একটি ফ্ল্যাশ ডিভাইসের মতো ব্যবহার করতে পারবেন। এই নতুন ডিভাইসকে ইউএসবি মাইক্রোএসডি কালেক্টর ডিভাইস বলা হয়। যখন

ইউএসবি মাইক্রোএসডি কালেক্টর ডিভাইসকে ইউএসবি পোর্টের সাহায্যে কমপিউটারের সাথে যুক্ত করবেন, তখন এই ডিভাইসে থাকা মাইক্রোএসডি বা এই মাইক্রোএসডি ডিভাইস থেকে সহজে ফাইলগুলো কমপিউটারের সাথে দেয়া-নেয়া করতে পারবেন, অর্থাৎ কপি করে রাখতে পারবেন। ডিভাইসটি দেখতে অনেকটা পেনড্রাইভের মতো। উদাহরণস্বরূপ নিচের চিত্রে দেখানো হয়েছে।



উপরের বাম পাশে থাকা ডিভাইসটি দেখতে অনেকটা পেনড্রাইভের মতো, কিন্তু মাইক্রোএসডি মেমরি ছাড়া এর আলাদা কোনো মেমরি নেই। তাই মেমরি ছাড়া একে ব্যবহার করতে পারবেন না। এই ডিভাইসে একসাথে তিনটি মাইক্রোএসডি মেমরি কার্ড যুক্ত করতে পারবেন, যা উপরের ডান পাশের ছবিতে দেখানো হয়েছে। তিনটি মেমরি যুক্ত করার পর ডিভাইসের অভ্যন্তরীণ গঠনটি হবে অনেকটা নিচের চিত্রের মতো।




এভাবে তিনটি মাইক্রোএসডি কার্ডকে ব্যবহার করতে পারবেন এবং এই মেমরি ব্যবহার করার ফলে যদি মেমরি কার্ডের ক্যাপাসিটি শেষ হয়ে যায় বা স্পেস না থাকে তাহলে এটি স্থির হয়ে যাবে এবং এতে ফাইল কপি করা যাবে না। এই মাইক্রোএসডি কালেক্টর ব্যবহার করে একাধিক ছোট সাইজের মেমরি কার্ডকে একত্রে একটি বড় সাইজের ইউএসবি ফ্ল্যাশ ড্রাইভ হিসেবে ব্যবহার করতে পারবেন। উদাহরণস্বরূপ নিচে একটি চিত্র দেয়া হয়েছে।



উপরের চিত্র অনুযায়ী আপনার কাছে থাকা ২ জিবি তিনটি মাইক্রোএসডি ডিভাইসকে একত্রে ৬ জিবি ইউএসবি ড্রাইভ হিসেবে ব্যবহার করতে পারবেন। অনেক সময় ফ্ল্যাশ ড্রাইভের মেমরির স্বল্পতার কারণে অনেক ফাইল ডিলিট করার প্রয়োজন হয়। কিন্তু এই কালেক্টরটি ব্যবহার করে ব্যবহারকারী ইচ্ছেমতো ফ্ল্যাশ ড্রাইভের

সাইজ ছোট-বড় করতে পারবেন। এজন্য মাইক্রোএসডি কার্ডের প্রয়োজন হবে। বিভিন্ন সাইজের মাইক্রোএসডি কার্ডকেও ব্যবহার করতে পারেন। যেমন :



উপরের চিত্র অনুযায়ী আপনি দুটি ৮ জিবি মাইক্রোএসডি ও একটি ১৬ জিবি মাইক্রোএসডিকে ব্যবহার করে ৩২ জিবির একটি ইউএসবি ডিভাইস হিসেবে ব্যবহার করতে পারবেন। অর্থাৎ ইউএসবি ডিভাইসের সাইজ কত হবে বা কত করতে চান তা আপনিই নির্ধারণ করতে পারবেন।

বর্তমান মোবাইলের যুগে ব্যবহারকারীরা গান, ছবি, ভিডিওর ওপর এতটাই নির্ভরশীল হয়ে পড়েছেন যে মোবাইলের মেমরির সাইজ বাড়ানোর ওপর বেশি ব্যস্ত হয়ে পড়েন। ফলে দেখা যায় তাদের কাছে মোবাইলের ছোট সাইজের একাধিক মাইক্রোএসডি কার্ড জমে যায়। ফলে উক্ত ইউজারদের মেমরি কার্ডগুলো ফেলে রাখতে হয় বা বিক্রি করতে হয় বা অন্য কাউকে দিয়ে দিতে হয়। কিন্তু ডিজাইনার Fang-Chun Tsai-এর তৈরি করা মাইক্রোএসডি মেমরি কার্ড কালেক্টরটি দিয়ে জমে থাকা মাইক্রোএসডি কার্ডগুলোকে একসাথে ব্যবহার করতে পারবেন এবং নিজের খরচও বাঁচাতে পারবেন **৯৯**

ফিডব্যাক : rony446@yahoo.com